

চৈত্র মাসের জন্য কৃষি তথ্য ও প্রযুক্তি

মুজিব বর্ষের অঙ্গীকার
কৃষি হবে দুর্বার

বোরো ধান

যারা শীতের কারণে দেরিতে চারা রোপণ করেছেন তাদের ধানের চারার বয়স ৫০-৫৫ দিন হলে ইউরিয়া সারের শেষ কিস্তি উপরি প্রয়োগ করুন। ধানের কাইচ খোড় আসা থেকে শুরু করে ধানের দুখ আসা পর্যন্ত ক্ষেতে ৩/৪ ইঞ্চি পানি ধরে রাখুন। বিদ্যুৎ ও পানি সাশ্রয়ে এডাল্টিউডি পদ্ধতিতে সেচ দিন। বোরো ধানের জমিতে গাঙ্কি পোকাদমনে আলোক ফাঁদ, বিষটোপ ব্যবহার করুন। আক্রমণ বেশি হলে অনুমোদিত কীটনাশক স্প্রে করুন। বন্যা প্রবণ নিচু এলাকায় অল্প দিনে পাকে এমন আগাম জাতের আউশ ধান (ত্রি ধান-৪২, ত্রি ধান-৪৩, ত্রি ধান-৬৫, ত্রি ধান-৮২, ত্রি ধান-৮৩, বিনা ধান-১৯, বিনা ধান-২১) চাষ করুন।

গম

দেরিতে বপন করা গম পেকে গেলে রিপারের সাহায্যে সংগ্রহ করুন। এতে বিঘা প্রতি খরচ হবে মাত্র ২০৪ টাকা। গম ক্ষেতে ইন্দুর দমনের কাজটি সকলে মিলে এক সাথে করুন।

ভুট্টা

বুট্টি শুরু হওয়ার আগে শুকনো আবহাওয়ায় জমিতে শতকরা ৭০-৮০ ভাগ গাছের মোচা খড়ের রং ধারণ করলে মোচা সংগ্রহ করুন। গ্রীষ্মকালীন ভুট্টা চাষ করতে চাইলে এ মাসে বীজ বপন করতে হবে। খরিফ মৌসুমের জন্য ভুট্টার উন্নত জাতগুলো হলো বারি হাইব্রিড ভুট্টা-১০, বারি হাইব্রিড ভুট্টা-১৪, বারি হাইব্রিড ভুট্টা-১৫, বারি হাইব্রিড ভুট্টা-১৭ এসব।

পাট ও আলু

চৈত্র মাসের শেষ পর্যন্ত পাটের বীজ বপন করা যায়। পাটের ভালো জাত গুলো হলো ও-৯৮৯৭, বিজেআরআই তোষা পাট-৪, বিজেআরআই তোষা পাট-৫, বিজেআরআই তোষা পাট-৬, বিজেআরআই দেশি পাট-৫, বিজেআরআই দেশি পাট-৬, বিজেআরআই দেশি পাট-৭, বিজেআরআই দেশি পাট-৮। ভালো ফলনের জন্য প্রতি একরে ৭০ কেজি ইউরিয়া, ১০ কেজি টিএসপি, ১২ কেজি এমওপি, ১৮ কেজি জিপসাম এবং প্রায় ৪.৫ কেজি জিংক সালফেট সার প্রয়োগ করতে হবে। আলু তোলা পর ভালো করে শুকিয়ে বাছাই করুন এবং সংরক্ষণের ব্যবস্থা নিন।

শাকসব্জি

পানির অপচয় কমাতে তরমুজ, কুমড়া, শসা, ফিঙ্গা, করলা, লাউ গর্ত পদ্ধতিতে বপন করুন। লতা জাতীয় শাকসব্জির জন্য মাচার ব্যবস্থা করুন।

গাছপালা

এ সময় বুট্টির অভাবে মাটিতে রসের পরিমাণ কমে আসে, তাই গাছের গোড়ায় নিয়মিত পানি দেয়ার ব্যবস্থা করুন। আম গাছে হপার পোকার আক্রমণ হলে অনুমোদিত কীটনাশক যেমন-সিমবুস/ফেনম/ডেসিস/ফাইটার ২.৫ ইন্সি প্রভৃতি প্রয়োগ করে নিয়ন্ত্রণের ব্যবস্থা নিন। আম গাছে মুকুল আসার ১০ দিনের মধ্যে কিস্তি ফুল ফোটার পূর্বেই একবার এবং এর একমাস পর আর একবার প্রতি লিটার পানির সাথে ১.০ মিলি সিমবুস/ফেনম/ডেসিস/ফাইটার ২.৫ ইন্সি মিশিয়ে গাছের পাতা, মুকুল ও ডালপালা ভালোভাবে ভিজিয়ে স্প্রে করুন। এ সময় আমে পাউডারি মিলডিউ ও এ্যাট্রাকনোজ রোগ দেখা দিতে পারে। সালফার সমৃদ্ধ ছত্রাকনাশক প্রয়োগে পাউডারি মিলডিউ ভাল হয়। এ মাসে পেঁপের চারা রোপণ করতে পারেন।

উচ্চমুণ্ডের ফসল আবাদ করুন, অধিক লাভবান হন।
ষষ্ঠকালীন ও উচ্চফলনশীল জাত নির্বাচন করুন অধিক ফসল ঘরে তুলুন।
শ্রম, সময় ও খরচ সাশ্রয়ে আধুনিক কৃষি যন্ত্রের মাধ্যমে আবাদ করুন।

বিদ্যারিত তথ্যের জন্য উপজেলা কৃষি অফিস বা উপসহকারী কৃষি কর্মকর্তার বা কৃষি কন্সল্টার ১৬১২৩ নাম্বারে ফোন করে পরামর্শ নিন। আরোও তথ্যের জন্য www.ais.gov.bd, www.dae.gov.bd সহ অন্যান্য কৃষি বিভাগের ওয়েবসাইট ব্যবহার করুন।

কৃষি তথ্য সার্ভিস, রাজশাহী
www.ais.rajshahi.gov.bd

👍 Rubel Rana and 18 others